

৫৯  
৭৫৫

## ফাঁস হওয়া প্রশ্নপত্র দিয়ে জবি অনার্স দ্বিতীয় বর্ষের ইংরেজী পরীক্ষা!

জবি সংবাদদাতা ৷ ফাঁস হওয়া প্রশ্নপত্র দিয়ে জগন্নাথ বিশ্ববিদ্যালয় অনার্স দ্বিতীয় বর্ষের ইংরেজী আবশ্যিক বিষয়ের পরীক্ষা নিয়েছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। বৃহস্পতিবার এই পরীক্ষা অনুষ্ঠিত হয়। পরীক্ষা শুরু হওয়ার আগে শিক্ষার্থীদের হাতে প্রশ্নপত্র পৌঁছে যায় বলে তারা দাবি করে।

এই অভিযোগ নিয়ে বৃহস্পতিবার পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার আগে শিক্ষার্থীরা জড়ো হয়ে পরীক্ষা বাতিলের দাবি করে। কিন্তু কর্তৃপক্ষ এতে কোন গুরুত্ব না দিয়ে পরীক্ষা নেয়ার সিদ্ধান্ত নেয়। অবশেষে শিক্ষার্থীদের প্রচণ্ড চাপের মুখে পরীক্ষা শেষ হওয়ার পর কোষাধ্যক্ষ অধ্যাপক আবু হোসেন হিন্দিকে আহ্বায়ক করে তিন সদস্যবিশিষ্ট তদন্ত কমিটি গঠন করেন উপাচার্য। কমিটির অন্য সদস্যরা হলেন, পরীক্ষা নিয়ন্ত্রক প্রফেসর জহিরুল হক ও ইংরেজী বিভাগের চেয়ারম্যান অধ্যাপক মফিজুর রহমান। দুই দিনের মধ্যে কমিটিকে রিপোর্ট দিতে বলা হয়েছে। পরীক্ষার্থীরা জানায়, বৃহস্পতিবার পরীক্ষা শুরু হওয়ার আগে বুধবার রাত থেকে বেশিরভাগ শিক্ষার্থীর হাতে প্রশ্নপত্র পৌঁছে যায়। ফাঁস হওয়া প্রশ্নপত্র ২শ' থেকে ৩শ' টাকা করে বিক্রি হয়েছে। বৃহস্পতিবার সকালে ক্যাম্পাসের আশপাশের ফটোকপি দোকানেও প্রশ্নপত্র ফটোকপি করতে দেখা গেছে বলে তারা

(১১- পৃষ্ঠা ৫-এর ক২ দেখুন)

## ফাঁস হওয়া প্রশ্নপত্র (১২-৬ষ্ঠ পাতার পর)

জানায়। ফাঁস হওয়া প্রশ্নের সঙ্গে অনুষ্ঠিত পরীক্ষার প্রশ্নের মিল রয়েছে বলে শিক্ষার্থীরা দাবি করেছে। তাই এই পরীক্ষা বাতিলের দাবি তুলেছে তারা। এই প্রসঙ্গে বিশ্ববিদ্যালয় উপাচার্য অধ্যাপক এসআই খান জনকণ্ঠকে বলেন, শিক্ষার্থীদের দাবি ও প্রচণ্ড অভিযোগের ভিত্তিতে তদন্ত কমিটি গঠন করেছি। তদন্ত রিপোর্টের ওপর নির্ভর করে পরবর্তী সিদ্ধান্ত নেয়া হবে।